# বাংলাদেশের প্রখ্যাত লেখক ও বঙ্গবন্ধু গবেষক জনাব মোনায়েম সরকারের বইয়ের মোড়ক উম্মোচন

জনাব মোনায়েম সরকার এখন সিডনিতে। বাংলাদেশের প্রথম সারির কলামিষ্ট, লেখক ও বঙ্গবন্ধু গবেষক এই নান্দনিক ব্যক্তিত্তের সর্বশেষ গ্রন্থ, বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমান : জীবন ও রাজনীতি- এর মোড়ক উম্মোচন অনুষ্ঠান আয়োজন করেছে সিডনিস্থ পত্রিকা, মাসিক মুক্তমঞ্চ। অনুষ্ঠানটি আয়োজন করা হয়েছে ইষ্ট লেকসন্থ শপিং সেন্টারে, রস রেস্টুরেন্ট। অনুষ্ঠানটি অতিথিদের জন্য।

সংস্কৃতি ও সাহিত্য ক্ষেত্রে জনাব মোনায়েম সরকারের পদচারণা অবারিত। তিনি উদীচীর অন্যমত প্রতিষ্ঠাতা। তাঁর রচিত উলেখযোগ্য গ্রন্তগুলি হলোঃ বাংলাদেশে বিপ্লবী গণতন্ত্রীদের উন্থান অনিবার্য (১৯৮৭), বাঙালি জাতীয়তাবাদ ও গনতন্ত্র বিকাশে ঐক্য অপরিহার্য (১৯৯১), ইতিহাসের আলোকে বাঙালি জাতীয়তার বিকাশ ও বঙ্গবন্ধু (১৯৯২), বাংলাদেশের সংক্ষিপ্ত ইতিহাস (১৯৯৬), জাগো বাঙালি কোন্ঠে সবায় (২০০৭), রাজনীতির চালচিত্র (২০০৮) প্রভৃতি। এছাড়া তিনি উলেখযোগ্য সংখ্যক গ্রন্থ সম্পাদনা করেছেন। এগুলো হলোঃ রক্তমাখা বুক জুড়ে স্বদেশের ছবি (১৯৮২), ভাষা আন্দোলন ও বঙ্গবন্ধু (১৯৯৪), মৃত্যুঞ্জয়ী মুজিব (১৯৯৫), জাতীয় চার নেতা স্মারকগ্রন্থ (১৯৯৭), বাঙালি বাংলাদেশ বঙ্গবন্ধু (২০০০), বাঙালির কন্ঠ (২০০১), স্বাধীনতা বিরোধী চক্রের বিরুদ্ধে যুক্তফ্রন্টঃ চুয়ান্নর অভিজ্ঞতা (৫৪-র নির্বাচনের অপ্রকাশিত দলিল), জেগে ওঠার সময় এখনই (২০০৭), বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমান : জীবন ও রাজনীতি (২০০৮) ইত্যাদি।

বর্তমানে তিনি গবেষণা প্রতিষ্ঠান বাংলাদেশ ফাউন্ডেশন ফর ডেভেলপমেন্ট রিসার্চ-এর মহাপরিচালক।

অনুষ্ঠানের জন্য যোগাযোগ করুন ঃ
রাজন নন্দী
০৪৩৩২৪৭৩২৬
আল নোমান শামীম
০৪০৪৩৪০৪০৪